

নথি নং-৪৩.২৫.০০০০.০০৩.১৮.০২১.৯৭/৪৩৩

তারিখ: ২৩/০৩/২০১৪ খ্রি:

অফিস আদেশ

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- সবিম/শাখা-৩/বিবিধ-২৫/১০/৩৬, তারিখ ২৭/০১/২০১৩ খ্রি: মোতাবেক আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তরভূক্ত ন্যাশনাল লাইব্রেরির ISBN বরাদ্দ দান নীতিমালা কার্যক্রম সৃষ্টভাবে সম্পাদনকরণে একটি নীতিমালা (আভ্যন্তরীণ) প্রণয়ন করা হলো যা নিম্নরূপ:

- ১। ISBN (International Standard Book Number) এর জন্য চীফ-বিবলিওগ্রাফার/উপ-পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল লাইব্রেরি, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর বরাবর আবেদন করতে হবে।
- ২। ISBN বরাদ্দ কেবলমাত্র আক্ষরিক অর্থে নতুন প্রকাশিতব্য বইয়ের জন্য প্রযোজ্য হবে।
- ৩। বইয়ের পূর্ণাঙ্গ বৈশিষ্ট্য (যেমন: কভার, মলাট, বাঁধাই, মুদ্রন, পৃষ্ঠা সংখ্যা কমপক্ষে ৪৮, আকার যেমনঃ ৬/৯, ৮/১১, ৯/১৪ ইঞ্চি ইত্যাদি প্রতিপালন) ব্যতিরেকে ISBN বরাদ্দ দেয়া হবে না।
- ৪। কনফারেন্স পেপার, প্রসিডিং, সাময়িকী, বার্ষিকী ইত্যাদিতে ISBN বরাদ্দ দেয়া হবে না।
- ৫। প্রতি কর্মদিবসে সকাল ১১ টা পর্যন্ত প্রাপ্ত আবেদনের ISBN দুপুর ১২টা থেকে ০১টা এর মধ্যে এবং ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত প্রাপ্ত আবেদন পত্রের ISBN বিকাল ৪টা থেকে ৫টার মধ্যে বরাদ্দ দেয়া হয়। বিকাল ৩টার পর থেকে পরের কর্মদিবস সকাল ১১টা পর্যন্ত প্রাপ্ত আবেদনপত্রের ISBN দুপুর ১২.০০ ঘটিকায় প্রদান করা হবে।
- ৬। ডাকযোগে, ফ্যাক্সে, ই-মেইলে চাহিদাপত্র পাওয়া গেলে তা পরের দিন সুবিধামত উপায়ে ISBN বরাদ্দ দেয়া হবে।
- ৭। বই প্রকাশের পর প্রকাশিত বইয়ের কোন ISBN বরাদ্দ দেয়া হবে না।
- ৮। পাদুলিপি জমাদান সাপেক্ষে একজন লেখককে একসঙ্গে সর্বাধিক ৩টি এবং হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি ও বইয়ের তালিকা জমাদান সাপেক্ষে একজন প্রকাশককে একসঙ্গে সর্বাধিক ২০টি বই এর জন্য ISBN বরাদ্দ দেয়া হয়।
- ৯। দেশের কপিরাইট আইনের বাধ্যতামূলক প্রকাশনা জমাদান কার্যক্রম উদ্দেশ্যে বাংলাদেশ ন্যাশনাল লাইব্রেরিতে ISBN বরাদ্দকৃত প্রকাশনা জমাদান অত্যাৱশ্যক।
- ১০। বইয়ের জমাকৃত পাদুলিপি ফেরৎ দেয়া হবে না।
- ১১। ISBN বরাদ্দ পেতে কোনরূপ ফি জমা দিতে হবে না।
- ১২। এই নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


(অদুদুল বারী চৌধুরী)
পরিচালক

ফোনঃ ৯১২৯৯৯২, ৯১৩৫৭০৯
ই-মেইল-nanldirector@gmail.com

কার্যার্থে বিতরণ:

- ১।
..... আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ২। সংশ্লিষ্ট সকল কর্মচারী, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

অবগতি:

- ১। চীফ বিব/উপপরিচালক ও উপপরিচালক (আরকাইডস)অ:দা:, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রোগ্রামার, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা(স্ক্যানিং এর জন্য)।
- ৩। সকল কর্মকর্তা, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪। অফিস সুপারিনটেনডেন্ট/হিসাব রক্ষক/প্রধান সহকারী, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৬। সংশ্লিষ্ট নথি।